যশোর বোর্ড ২০১৫

হিসাববিজ্ঞান : দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২৫৪

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট — সৃজনশীল — পূর্ণমান — ৬০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ

১. দিয়া-দিশা কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধন ৩০,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

দিয়া-দিশা কোম্পানি লি.-এর
রেওয়ামিল
ডেবিট — ৩১শে ডিসেম্বর, ২০১৪ইং — ক্রেডিট

হিসাবের শিরোনাম	টাকা	হিসাবের শিরোনাম	টাকা
আসবাবপত্র	১০,৯৪,০০০	শেয়ার মূলধন (প্রতি শেয়ার ৮০ টাকা পর্যন্ত তলবকৃত)	১৬,০০,০০০
কলকব্জা	৮,০০,০০০	বিক্রয়	৮,০০,০০০
মজুরি	৮৫,০০০	৬% ঋণপত্র (১ জুলাই ২০১৩)	১,০০,০০০
বেতন	৫০,০০০	কুঋণ সঞ্চিতি	১০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	৪০,০০০	শেয়ার হস্তান্তর ফি	৪,০০০
ক্রয়	৪,০০,০০০		
ভাড়া	৩৫,০০০		
কুঋণ	৫,০০০		
আমদানি শুল্ক	৫,০০০		
	২৫,১৪,০০০		২৫,১৪,০০০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদপণ্য ১,৯০,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে, এর মধ্যে অন্তর্ভুক্ত ২০,০০০ টাকার পণ্য বিক্রয় করা হয়েছে কিন্তু এখনো ক্রেতার নিকট সরবরাহ করা হয়নি। ২. মজুরির মধ্যে নতুন মেশিনের সংস্থাপন ব্যয় ১৬,০০০ টাকা অন্তর্ভুক্ত আছে। ৩. বেতন বকেয়া ৪,০০০ টাকা। ৪. কুঋণ সঞ্চিতি ৫,০০০ টাকা দ্বারা বৃদ্ধি করো। ৫. অবচয় ধার্য করো যন্ত্রপাতির উপর ১০% হারে।

ক. ইস্যুকৃত শেয়ারের সংখ্যা নির্ণয় করো। ২

খ. আয় বিবরণীর মাধ্যমে মোট লাভ অথবা মোট ক্ষতি নির্ণয় করো। ৪

গ. মোট লাভ ১,৫০,০০০ টাকা ধরে নিট লাভ অথবা নিট ক্ষতি নির্ণয় করো। ৪

২. মধুমতি কোম্পানি লিমিটেড-এর অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা যা প্রতিটি ১০০ টাকা মূল্যে ১০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত। ২০১৪ সালের কোম্পানির প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

মধুমতি কোম্পানি লি.-এর
রেওয়ামিল
ডেবিট — ৩১শে ডিসেম্বর, ২০১৪ইং — ক্রেডিট

হিসাবের শিরোনাম	টাকা	হিসাবের শিরোনাম	টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৪০,০০০	১৫% ঋণপত্র	১,০০,০০০
আয়কর	৪৫,০০০	প্রদেয় হিসাব	৩৩,৭০০
কলকব্জা	২,৫০,০০০	আয়কর সঞ্চিতি	৯,০০০
প্রাপ্য হিসাব	৮০,০০০	সাধারণ শেয়ার মূলধন (প্রতিটি ১০০ টাকা তলবকৃত)	৫,০০,০০০
ইজারা সম্পত্তি (১০ বছর)	৮৫,০০০		
নগদ তহবিল	৭,০০০	বিক্রয় হিসাব	৩,৮০,০০০
সুনাম	১,০০,০০০	সংরক্ষিত আয় বিবরণী জের (১ জানুয়ারি ১৪)	৪৫,০০০
নিরীক্ষকের ফি	১৫,০০০		
অনাদায়ী দেনা	৭,০০০		
মজুরি	৯,০০০		
১০% বিনিয়োগ (১ জানুয়ারি ২০১৪)	১,৮০,০০০		
প্রদত্ত লভ্যাংশ	১৫,০০০		
আমদানি শুল্ক	২৫,০০০		
বেতন (৩/৪ অংশ)	৩০,০০০		
ক্রয় হিসাব	১,৭০,০০০		
শেয়ার অবহার	৯,৭০০		
	১০,৬৭,৭০০		১০,৬৭,৭০০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্যের মূল্যায়ন করা হয়েছে ১,২০,০০০ টাকা। ২. নিট লাভের ১০% সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর করো। ৩. সুনামের ১/৫ অংশ অবলোপন করো। ৪. ১৫,০০০ টাকা আয়কর প্রভিশন রাখতে হবে। ৫. শেয়ার প্রতি ৫ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. গণনাসহ বিক্রিত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. আয়কর সমন্বয়ের পর নিট লাভের জের ১,১৭,৫০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

খ বিভাগ

৩. তিতাস কোম্পানির তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিচে দেওয়া হলো :

তিতাস কোম্পানি
তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী
৩১ ডিসেম্বর

বিবরণ	২০১৪ টাকা	২০১৩ টাকা
সম্পত্তিসমূহ :		
যন্ত্রপাতি (নিট)	১,১৭,৫০০	১,১৫,০০০
মজুদ পণ্য	৪১,৫০০	৫১,০০০
প্রাপ্য হিসাব	৭০,৫০০	৬৭,০০০
নগদ	২৩,৫০০	১৩,০০০
অগ্রিম খরচ	৪,৫০০	৫,৫০০
	২,৫৭,৫০০	২,৫১,৫০০
মূলধন ও দায় :		
শেয়ার মূলধন	১,৫০,০০০	১,৫০,০০০
সংরক্ষিত আয়	২৬,৫০০	১৭,৫০০
বকেয়া খরচ	২০,০০০	২০,৫০০
প্রদেয় হিসাব	৬১,০০০	৬৩,৫০০
	২,৫৭,৫০০	২,৫১,৫০০

অন্যান্য তথ্যাবলি: ১. পরিচালন ব্যয় ছিল ১,০০,০০০ টাকা। ২. বাকিতে পণ্য ক্রয় ১,২৫,০০০ টাকা। ৩. বিক্রয়ের পরিমাণ ২,৫০,০০০ টাকা। ৪. অবচয় ছিল ৭,৫০০ টাকা। ৫. কোম্পানি ১,০০০ টাকা সুদ এবং ৭,০০০ টাকা আয়কর প্রদান করেছে।

ক. যন্ত্রপাতি ক্রয়মূল্য নির্ণয় করো। ২
খ. প্রাপ্য হিসাবের নিকট হতে নগদ প্রাপ্তি ও প্রদেয় হিসাবকে নগদে পরিশোধ নির্ণয় করো। ৪
গ. পরোক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম দ্বারা নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪

৪. ক ও খ একটি অংশীদারি কারবারের দুইজন অংশীদার। তারা কারবারের লাভ-লোকসান যথাক্রমে ৩ : ২ অনুপাতে ভাগ করে নেয়। ২০১২ সালে ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ১,০০,০০০ টাকা ও ৭৫,০০০ টাকা। মূলধন ও উত্তোলনের উপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। তারা সারা বছর ধরে যথাক্রমে ১৬,০০০ টাকা এবং ১২,০০০ টাকা কারবার হতে নগদ উত্তোলন করেন। ২০১২ সালের ১ জুলাই ক কারবারে ২০,০০০ টাকা ঋণ দেয়। কারবার পরিচালনার জন্য চুক্তি অনুযায়ী ক মাসিক ৪০০ টাকা বেতন পায়, যা সে কারবার থেকে তুলে নেয় নাই।
২০১২ সালের ৩১ ডিসেম্বর তারিখে ঋণের সুদ সমন্বয়ের পর কিন্তু উপরোক্ত অন্যান্য সমন্বয়ের পূর্বে কারবারের নিট লাভ ৮২,২০০ টাকায় উপনীত হয়।

ক. ঋণের সুদ নির্ণয় করো। ২
খ. অংশীদারদের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত করো। ৪
গ. অংশীদারদের মূলধন হিসাব তৈরি করো। ৪

৫. মনপুরা গ্রুপ-এ ৪ জন শ্রমিক কাজ করে। ঘণ্টাপ্রতি স্বাভাবিক মজুরি পায় ১০ টাকা হারে। অতিরিক্ত কাজের মজুরি পায় স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে। তাছাড়া শ্রমিকরা স্বাভাবিক মজুরির ১০% মহার্ঘভাতা, ৫০% বাড়ীভাড়া ভাতা এবং ১০% যাতায়াত ভাতা পায়। শ্রমিকগণের মজুরি হতে ১০% ভবিষ্য তহবিলে এবং একই হারে বেনোভোলেন্ট তহবিলে কর্তন করা হয়। ফেব্রুয়ারি ২০১৪ সালে শ্রমিকগণ নিম্নোক্ত হারে কাজ করেন :

শ্রমিকদের নাম	স্বাভাবিক কার্যঘণ্টা	অতিরিক্ত কার্যঘণ্টা
কবির	৪৮	১২
খবির	৪৮	১৫
জমির	৪৮	২০
সমির	৪৮	১০

ক. শ্রমিকদের অতিরিক্ত সময়ের মজুরি নির্ণয় করো। ২
খ. ফেব্রুয়ারি ২০১৪-এর শ্রমিকদের মোট মজুরি নির্ণয় করো। ৪
গ. ফেব্রুয়ারি ২০১৪-এর শ্রমিকদের নিট মজুরি নির্ণয় করো। ৪

৬. গুলবাহার হিমাগার কোম্পানি লি.-এর আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

গুলবাহার হিমাগার কোম্পানি লি.
আর্থিক অবস্থার বিবরণী
৩১শে ডিসেম্বর, ২০১৪

সম্পত্তিসমূহ	টাকা
ভূমি ও দালানকোঠা	১৪,৭০,০০০
আসবাবপত্র	২,০০,০০০
যন্ত্রপাতি	২,০০,০০০
১০% বিনিয়োগ	১,০০,০০০
মজুদ পণ্য	২,৫০,০০০
প্রাপ্য হিসাব	৩,২৫,০০০
হাতে নগদ	৮০,০০০
	২৬,২৫,০০০
মূলধন ও দায় :	
শেয়ার মূলধন	১৫,০০,০০০
সংরক্ষিত আয় বিবরণীর জের	৩,৩০,০০০
১০% ঋণ	৪,৭৫,০০০
প্রদেয় হিসাব	২,৫০,০০০
ব্যাংক জমাতিরিক্ত	৫০,০০০
বকেয়া ব্যয়সমূহ	২০,০০০
	২৬,২৫,০০০

অন্যান্য তথ্যাবলি: চলতি বছরের বিক্রয় ২০,০০,০০০ টাকা; বিক্রিত পণ্যের ব্যয় ১৪,০০,০০০ টাকা; প্রারম্ভিক মজুদ পণ্য ২,০০,০০০ টাকা।

ক. কার্যকরী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. কোম্পানির চলতি অনুপাত এবং তারল্য অনুপাত নির্ণয় করে কোম্পানির আর্থিক স্বচ্ছলতা সম্পর্কে মন্তব্য করো। ৪
গ. কোম্পানির মোট লাভ অনুপাত এবং মজুদ আবর্তন অনুপাত নির্ণয় করো। ৪

৭. কুমিল্লা স্টেশন ক্লাবের ২০১৪ সালের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ :

প্রাপ্তিসমূহ:		টাকা
প্রারম্ভিক হাতে নগদ		২,০৫০
চাঁদা-২০১৩	৮০	
২০১৪	৪,২২০	
২০১৫	১৬০	৪,৪৬০
অনুদান		৬,০০০
চা-চক্র হতে আয়		৩,১০০
বিনিয়োগের সুদ		১,৫০০
		১৭,১১০
প্রদানসমূহ:		
বেতন		৪,০০০
মনিহারি		৮০০
অফিকর		১,৬০০
টেলিফোন বিল		৩০০
আসবাবপত্র		২,০০০
১০% বিনিয়োগ		২,৫০০
বিবিধ খরচ		১,০০০
ব্যালেন্স সি/ডি		৪,৯০০
		১৭,১১০

২০১৪ সালের ১ জানুয়ারি নিম্নোক্ত উদ্বৃত্ত পাওয়া যায় : ১০% বিনিয়োগ ৪,০০,০০০ টাকা; ভূমি ও দালানকোঠা ১,৫০,০০০ টাকা; আসবাবপত্র ৫,০০০ টাকা।
অন্যান্য তথ্যাবলি: ১. ক্লাবের মোট সদস্য সংখ্যা ৪৫০ জন এবং প্রত্যেকের বার্ষিক চাঁদার হার ১০ টাকা। ২. ভূমি ও দালানকোঠার উপর ৫% অবচয় ধার্য করতে হবে।

ক. ক্লাবের চলতি বছরের বকেয়া চাঁদার পরিমাণ নির্ণয় করো। ২
খ. ক্লাবের মূলধন তহবিল নির্ণয় করো। ৪
গ. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের সমাপ্ত বছরের জন্য ক্লাবের আয়-ব্যয় বিবরণী তৈরি করো। ৪

৮. চৌধুরী লি. একটি বিখ্যাত পেন্সিল প্রস্তুতকারী প্রতিষ্ঠান। নিচে প্রতিষ্ঠানের উৎপাদন ও বিক্রয় সংক্রান্ত তথ্য দেওয়া হলো :

উৎপাদনের পরিমাণ	২৫,০০০ একক
এককপ্রতি পরিবর্তনশীল ব্যয়	২.৫০ টাকা
স্থির ব্যয়	৪০,০০০ টাকা
এককপ্রতি বিক্রয়মূল্য	৫ টাকা

ক. সমচ্ছেদ বিন্দু (টাকায়) নির্ণয় করো। ২
খ. যদি পরিবর্তনশীল ব্যয় ২০% বৃদ্ধি পায় তবে সমচ্ছেদ বিন্দু (টাকায়) কত পরিবর্তন হবে? ৪
গ. উক্ত প্রতিষ্ঠানের নিট লাভ এবং নিরাপত্তা প্রান্ত নির্ণয় করো। ৪

৯. ডেল্টা লিমিটেড প্রতিটি ৩৫ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ারে বিভক্ত, ১০,৫০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি-এর ২৬,০০০ শেয়ার ১০% অধিহারে বাজারে বিক্রি করার জন্য বিবরণপত্র ইস্যু করে। ২৭,০০০ শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথাসময়ে বিলি করা হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হলো।

ক. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ২
খ. ব্যাংক হিসাব প্রস্তুত করো। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

উত্তরমালা

১. **উত্তর :** ক. ইস্যুকৃত শেয়ার সংখ্যা ২০,০০০টি। খ. মোট লাভ ৪,৫৬,০০০ টাকা। গ. নিট ক্ষতি ২৯,৬০০ টাকা।

২. **উত্তর :** ক. বিক্রিত পণ্যের ব্যয় ১,২৪,০০০ টাকা। খ. সংরক্ষিত আয়ের সমাপনী উদ্বৃত্ত ১,১০,৭৫০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৮,২১,২০০ টাকা।

৩. **উত্তর :** ক. নতুন যন্ত্রপাতির ক্রয়মূল্য ১০,০০০ টাকা। খ. প্রাপ্য হিসাব হতে নগদ প্রাপ্তি ২,৪৬,৫০০ টাকা এবং প্রদেয় হিসাবকে পরিশোধ ১,২৭,৫০০ টাকা। গ. পরিচালন কার্যাবলি নিট নগদ বৃদ্ধি ২০,৫০০ টাকা।

৪. **উত্তর :** ক. ঋণের সুদের পরিমাণ ৬০০ টাকা। খ. বণ্টনযোগ্য মুনাফা : ক ৩৬,৭৮০ টাকা এবং খ ২৪,৫২০ টাকা। গ. অংশীদারদের মূলধন হিসাবের জের : ক ১,৩৪,৭৮০ টাকা এবং খ ৯৪,৪২০ টাকা।

৫. উত্তর : ক. অতিরিক্ত সময়ের মজুরি মোট ১,১৪০ টাকা। খ. মোট মজুরি : কবির ১,০৫৬ টাকা; খবির ১,১১৬ টাকা; জমির ১,২১৬ টাকা এবং সমির ১,০১৬ টাকা। গ. নিট মজুরি : কবির ৯৬০ টাকা; খবির ১,০২০ টাকা; জমির ১,১২০ টাকা এবং সমির ৯২০ টাকা।

৬. উত্তর : ক. কার্যকরী মূলধনের পরিমাণ ৩,৩৫,০০০ টাকা। খ. চলতি অনুপাত ২.০৫ : ১; তারল্য অনুপাত ১.৫০ : ১। গ. মোট লাভ অনুপাত ৩০% এবং মজুদ আবর্তন অনুপাত ৬.২২ বার।

৭. উত্তর : ক. বকেয়া চাঁদা ২৮০ টাকা। খ. প্রারম্ভিক মূলধন তহবিল ৫,৫৭,১৩০ টাকা। গ. ব্যয়াতিরিক্ত আয় ৩২,৪০০ টাকা।

৮. উত্তর : ক. সমচ্ছেদ বিন্দু (টাকায়) ৮০,০০০ টাকা। খ. ২০,০০০ টাকা। গ. নিট লাভ ২২,৫০০ টাকা এবং নিরাপত্তা প্রান্ত ৪৫,০০০ টাকা।

৯. উত্তর : খ. ব্যাংক হিসাবের জের ১০,০১,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১০,০১,০০০ টাকা।

যশোর বোর্ড-২০১৫

হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বিষয় কোড : ২ ৫ ৪

১. লভ্যাংশ হিসেবে নগদ টাকার পরিবর্তে কোন শেয়ার প্রদান করা হয়?
(ক) অগ্রাধিকার শেয়ার　(খ) রাইট শেয়ার
(গ) প্রাথমিক শেয়ার　(ঘ) বোনাস শেয়ার

২. অগ্রিম ভাড়ার টাকা কী?
(ক) চলতি দায়　(খ) চলতি সম্পদ
(গ) সম্ভাব্য দায়　(ঘ) অলীক সম্পদ

৩. বিনিয়োগ সক্রান্ত নগদ প্রবাহ কোনটি?
(ক) শেয়ার ক্রয়　(খ) চলতি সম্পত্তি হ্রাস
(গ) স্থায়ী সম্পত্তি ক্রয় ও বিক্রয়　(ঘ) চলতি দায় হ্রাস

৪. ক্রয় অধিযাচন পত্র কোথায় পেশ করা হয়?
(ক) ক্রয় বিভাগে　(খ) গুদামরক্ষকের নিকট
(গ) ব্যবস্থাপকের নিকট　(ঘ) বিক্রয় বিভাগে

৫. প্রত্যক্ষ মাল + প্রত্যক্ষ মজুরী + অন্যান্য প্রত্যক্ষ খরচ?
(ক) মুখ্য ব্যয়　(খ) মোট ব্যয়
(গ) উৎপাদন ব্যয়　(ঘ) কারখানার উপরিব্যয়

উদ্দীপকটি পড় এবং ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও:
ABC লি.-এর মাল খতিয়ান সংক্রান্ত তথ্য নিম্নরূপ :
২০১৪
জুলাই ১　প্রারম্ভিক উদ্বৃত্ত ৫০০ একক প্রতি একক-২০ টাকা দরে।
১০　মাল ক্রয় ৩০০ একক প্রতি একক ২৪ টাকা দরে
১৫　মাল ইস্যু ৭০০ একক
২০　মাল ক্রয় ৪০০ একক প্রতি একক ৩০ টাকা দরে
২৫　মাল ইস্যু ২০০ একক

৬. FIFO পদ্ধতিতে ১৫ জুলাই তারিখে মোট ইস্যুকৃত মালের মূল্য কত হবে?
(ক) ১৪,০০০ টাকা　(খ) ১৪,৮০০ টাকা
(গ) ১৫,৫০০ টাকা　(ঘ) ১৭,৫০০ টাকা

৭. ভারযুক্ত গড় পদ্ধতিতে ১৫ জুলাই তারিখে ইস্যুকৃত মালের একক প্রতি মূল্য কত হবে?
(ক) ২০.০০ টাকা　(খ) ২১.০০ টাকা
(গ) ২১.৫০ টাকা　(ঘ) ২৫.০০ টাকা

৮. মজুদ মূল্যায়নের পদ্ধতি হলো—
i. কাল্পনিক মজুদপদ্ধতি
ii. নিত্য মজুদ পদ্ধতি
iii. আগের মাল আগে ছাড়া পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii
[সঠিক উত্তর: iii]

৯. ঋণপত্রের মাধ্যমে সংগ্রহ করা হয়ে থাকে?
(ক) মূলধন　(খ) অতিরিক্ত মূলধন
(গ) লভ্যাংশ　(ঘ) ঋণ

১০. দত্তাংশ নির্ণয়ের সূত্র কি?
(ক) বিক্রয় — স্থির খরচ　(খ) ক্রয় — স্থির খরচ
(গ) বিক্রয় + আধা-পরিবর্তনশীল খরচ
(ঘ) বিক্রয় — পরিবর্তনশীল খরচ

১১. আচরণের ভিত্তিতে ব্যয় কত প্রকার?
(ক) ২ প্রকার　(খ) ৩ প্রকার
(গ) ৪ প্রকার　(ঘ) ৫ প্রকার

১২. কত সালে বাংলাদেশে VAT প্রবর্তিত হয়?
(ক) ১৯৯১ সালে　(খ) ১৯৯২ সালে
(গ) ১৯৯৩ সালে　(ঘ) ১৯৯৪ সালে

উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও।
সোহান লি.-এর হিসাব থেকে নিচের তথ্য পাওয়া যায়:
প্রারম্ভিক মজুদ ২,৪০,০০০ টাকা
সমাপনি মজুদ ১,৭০,০০০ টাকা
ক্রয়　৫,০০,০০০ টাকা
মোট লাভ　১,৪০,০০০ টাকা

১৩. গড় মজুদের পরিমাণ কত?
(ক) ২,০০,০০০ টাকা　(খ) ২,০৫,০০০ টাকা
(গ) ২,১৫,০০০ টাকা　(ঘ) ২,২০,০০০ টাকা

১৪. বিক্রীত পণ্যের ব্যয় কত?
(ক) ৫,৭০,০০০ টাকা　(খ) ৫,৮০,০০০ টাকা
(গ) ৫,৯০,০০০ টাকা　(ঘ) ৬,০০,০০০ টাকা

১৫. কোম্পানি আইন অনুযায়ী অবহারের সর্বোচ্চ হার কত?
(ক) ৫%　(খ) ৮%
(গ) ১০%　(ঘ) ১৫%

১৬. প্রাপ্তি-প্রদান হিসাবের ডেবিট উদ্বৃত্ত দ্বারা কোনটি বুঝায়?
(ক) সমাপনি নগদ ও ব্যাংক জমার উদ্বৃত্ত
(খ) মোট লাভ
(গ) আয়াতিরিক্ত ব্যয়　(ঘ) ব্যয়াতিরিক্ত আয়

১৭. নিচের কোনটি বেতনের পরিপূরক সুবিধা?
(ক) বোনাস　(খ) অবসরভাতা
(গ) ওভারটাইম　(ঘ) ভর্তুকি

১৮. গ্রীন ক্লাবের আর্থিক তথ্যাবলি নিম্নরূপ:
দালান-কোঠা ৫০,০০০ টাকা
প্রাপ্য হিসাব ৩০,০০০ টাকা
হাতে নগদ—?
প্রদেয় হিসাব ২০,০০০ টাকা
বকেয়া খরচ ১০,০০০ টাকা
মূলধন তহবিল ৭০,০০০ টাকা
হাতে নগদের পরিমাণ কত?
(ক) ১০,০০০ টাকা　(খ) ১৫,০০০ টাকা
(গ) ২০,০০০ টাকা　(ঘ) ৩০,০০০ টাকা

১৯. বিক্রীত দ্রব্যের ব্যয় বলতে বুঝায়—
i. প্রারম্ভিক মজুদ + ক্রয় + মজুরী + ক্রয় পরিবহন — সমাপনি মজুদ
ii. ক্রয় + প্রারম্ভিক মজুদ + ক্রয় পরিবহন — মজুরী — সমাপনি মজুদ
iii. বিক্রয় — মোট লাভ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও iii　(খ) ii ও iii
(গ) i ও ii　(ঘ) i, ii ও iii

২০. ১০ মাসের বেতন প্রদত্ত হয়েছে ২৪,০০০ টাকা। উক্ত বছরে বকেয়া বেতনের পরিমাণ কত?
(ক) ৪,০০০ টাকা　(খ) ৪,৮০০ টাকা
(গ) ৫,০০০ টাকা　(ঘ) ৫,২০০ টাকা

তথ্যের আলোকে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:
আলম সাহেব প্রত্যেক বছর ৩১ ডিসেম্বর আয় বিবরণী প্রস্তুত করেন। ২০১২ সালে তিনি সমাপনি মজুদ পণ্য ১০,০০০ টাকা বেশি দেখিয়েছেন। ২০১৩ সালে ৩১ ডিসেম্বর তারিখে আয় বিবরণী প্রস্তুতের পূর্বেই বিষয়টি বুঝতে পারেন।

২১. ২০১২ সালে সমাপনি মজুদ পণ্যের মূল্য বেশি দেখানোতে তার হিসাবে কি পরিবর্তন হয়েছে?
i. মোট লাভ বৃদ্ধি পেয়েছে
ii. নিট লাভ বৃদ্ধি পেয়েছে
iii. স্থায়ী সম্পত্তি বৃদ্ধি পেয়েছে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) ii ও iii
(গ) i ও iii　(ঘ) i, ii ও iii

২২. উপর্যুক্ত বিষয়টি ২০১৩ সালে সঠিকভাবে লিপিবদ্ধ করা হলে—
i. প্রারম্ভিক মজুদ পণ্যের দাম কমাতে হবে
ii. মূলধন কমাতে হবে
iii. সমাপনি মজুদ পণ্যের দাম কমাতে হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও iii　(খ) i ও ii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও:
বিক্রয় ২০,০০০ টাকা, পরিবর্তনশীল ব্যয় ১০,০০০ টাকা, স্থায়ী ব্যয় ৬,০০০ টাকা।

২৩. দত্তাংশ অনুপাত কত?
(ক) ৩০%　(খ) ৪০%　(গ) ৫০%　(ঘ) ৬০%

২৪. সমচ্ছেদ বিন্দু (টাকায়) কত?
(ক) ১২,০০০　(খ) ১৩,০০০
(গ) ১৪,০০০　(ঘ) ১৫,০০০

২৫. অংশীদার কর্তৃক কারবার হতে পণ্য উত্তোলনের উপর সুদ—
(ক) ৬% হারে ধার্য করা হয়
(খ) ৮% হারে ধার্য করা হয়
(গ) ১০% হারে ধার্য করা হয়
(ঘ) ০% হারে ধার্য করা হয়

২৬. P, Q ও R ৫ : ৩ : ২ অনুপাতে মুনাফা বন্টন করেন। মুনাফার পরিমাণ ১,৫০,০০০ টাকা হলে R এর মুনাফার অংশ কত হবে?
(ক) ২৫,০০০ টাকা　(খ) ৩০,০০০ টাকা
(গ) ৪৫,০০০ টাকা　(ঘ) ৫০,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।
বিক্রয় ৬,০০,০০০ টাকা
মোট লাভ ২,৭০,০০০ টাকা
বিক্রয় ফেরত ৪০,০০০ টাকা
বিক্রয় বাট্টা ২০,০০০ টাকা
নিট লাভ ১,২০,০০০ টাকা

২৭. নিট বিক্রয়ের পরিমাণ কত?
(ক) ৫,০০,০০০ টাকা　(খ) ৫,৪০,০০০ টাকা
(গ) ৫,৬০,০০০ টাকা　(ঘ) ৬,৮০,০০০ টাকা

২৮. মোট লাভের অনুপাত কত?
(ক) ২০%　(খ) ৩০%　(গ) ৪০%　(ঘ) ৫০%

২৯. নিচের কোন অনুপাতটি উপার্জন ক্ষমতা পরিমাপক?
(ক) চলতি অনুপাত　(খ) নীট লাভ অনুপাত
(গ) ত্বরিত অনুপাত　(ঘ) দায়-মালিকানা অনুপাত

৩০. পরিচালন কার্যক্রমে নগদ প্রবাহ বিবরণীতে নিচের কোনটি অন্তর্ভুক্ত হয় না?
(ক) শেয়ার ইস্যু　(খ) চলতি সম্পত্তি হ্রাস
(গ) চলতি দায় হ্রাস　(ঘ) অবচয়

৩১. শেয়ার অবহার নিচের কোন দফাটির আওতাভুক্ত?
(ক) মালিকানা স্বত্ব　(খ) ব্যয়
(গ) সম্পদ　(ঘ) আয়

৩২. অংশীদারি কারবারের ক্ষেত্রে প্রত্যেক মাসের শেষ তারিখে নগদ উত্তোলন করলে কত মাসের সুদ ধরতে হয়?
(ক) ৫ মাসের　(খ) ৫.৫ মাসের
(গ) ৬.৫ মাসের　(ঘ) ১২ মাসের

৩৩. জনাব কাইয়ুম খান এর কারখানার উৎপাদন সংক্রান্ত তথ্যাবলি হলো : ব্যবহৃত কাঁচামাল ৬৩,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরী ২০,০০০ টাকা, পরোক্ষ শ্রম ৫,০০০ টাকা, কারখানার ভাড়া ৬,০০০ টাকা, কলকব্জার অবচয় ৪,০০০ টাকা। জনাব কাইয়ুম খান এর কারখানা উপরিব্যয়ের পরিমাণ কত?
(ক) ১০,০০০ টাকা　(খ) ১১,০০০ টাকা
(গ) ১৫,০০০ টাকা　(ঘ) ২৫,০০০ টাকা

৩৪. অব্যবসায়ী প্রতিষ্ঠানে মূলধন তহবিল নির্ণয়ে দরকার হবে—
i. সম্পত্তি　ii. দায়
iii. ব্যয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) ii ও iii　(গ) i ও iii　(ঘ) i, ii ও iii

৩৫. উৎপাদন ব্যয় বিবরণীতে পরোক্ষ মজুরীকে কোন স্তরে দেখানো হয়?
(ক) মুখ্য ব্যয়　(খ) কারখানা উপরিব্যয়
(গ) অফিস উপরিব্যয়　(ঘ) মোট ব্যয়

উদ্দীপকটি পড়ো এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও।
আর পি গ্রুপের উৎপাদন বিভাগে ৩০ জন শ্রমিক নিয়োজিত আছে। তাদের প্রত্যেকের সাপ্তাহিক ৪৮ ঘণ্টা প্রমাণ সময় স্বাভাবিক মজুরী ১০টাকা প্রতি ঘণ্টা। ২০১৪ সালের জানুয়ারি মাসে ৬৪ ঘণ্টা কাজ হয়। ওভারটাইম মজুরী স্বাভাবিক মজুরীর দেড়গুণ।

৩৬. ওভারটাইম মজুরীর হার কত?
(ক) ১০ টাকা　(খ) ১১ টাকা
(গ) ১৩ টাকা　(ঘ) ১৫ টাকা

৩৭. মূল মজুরীর মোট পরিমাণ কত?
(ক) ১৪,০০০ টাকা　(খ) ১৪,২০০ টাকা
(গ) ১৪,৪০০ টাকা　(ঘ) ১৫,৪০০ টাকা

৩৮. যদি বিক্রয় ২৫,০০০ টাকা এবং মুনাফার হার ক্রয়মূল্যের উপর ২৫% হয়, তবে বিক্রীত পণ্যের ব্যয় কত?
(ক) ২০,০০০ টাকা　(খ) ২২,৫০০ টাকা
(গ) ২৩,৭৫০ টাকা　(ঘ) ২৫,০০০ টাকা

৩৯. ১৫% হারে ১ বছরের বিনিয়োগের সুদ পাওয়া গেল ৯,০০০ টাকা। বিনিয়োগের পরিমাণ কত?
(ক) ৫০,০০০ টাকা　(খ) ৬০,০০০ টাকা
(গ) ৯০,০০০ টাকা　(ঘ) ১,২০,০০০ টাকা

৪০. প্রতীক একজন ব্যবসায়ের অংশীদার হিসেবে ১০% কমিশন পাবেন। সেই কমিশন ধার্য করবার পরবর্তী নিট মুনাফা উপর প্রদত্ত হবে—
(ক) ১১০ টাকায় ১০ টাকা হারে
(খ) ১০০ টাকায় ১০ টাকা হারে
(গ) ৯০ টাকায় ১০ টাকা হারে
(ঘ) ১০০ টাকায় ৯০ টাকা হারে

১	ঘ	২	ক	৩	গ	৪	ক	৫	ক	৬	খ	৭	গ	৮	*	৯	ঘ	১০	ঘ	১১	খ	১২	ক	১৩	খ	১৪	ক	১৫	গ	১৬	ক	১৭	ঘ	১৮	গ	১৯	ক	২০	খ
২১	ক	২২	খ	২৩	গ	২৪	ক	২৫	ঘ	২৬	খ	২৭	গ	২৮	ঘ	২৯	খ	৩০	ক	৩১	গ	৩২	ঘ	৩৩	গ	৩৪	ক	৩৫	খ	৩৬	ঘ	৩৭	গ	৩৮	ক	৩৯	খ	৪০	ক